

প্রথম অধ্যায়

মডেল--০১

১. সুমন একাদশ শ্রেণীর ছাত্র । একদিন সে তার একজন বন্ধুর সাহায্যে ফেসবুক একাউন্ট খুলে । এই একাউন্ট এর মাধ্যমে সে তার সকল বন্ধুর সাথে যোগাযোগ রক্ষা করে । সে তার বন্ধুদের টাইমলাইন থেকে নানা তথ্য কপি করে নিজের টাইমলাইনে আপলোড করে । এমনকি সে ইন্টারনেট থেকে প্রাপ্ত বিভিন্ন তথ্য কোনরূপ কৃতজ্ঞতা ছাড়াই নিজের নামে প্রকাশ করে ।

ক.ভার্চুয়াল রিয়েলিটি কী ?

খ.মোবাইল ফোনের পাসওয়ার্ড হিসাবে বায়োমেট্রিক্স এর ব্যবহার অপেক্ষাকৃত নিরাপদ -ব্যাখ্যা কর ।

গ. সামাজিক যোগাযোগ এর ক্ষেত্রে সুমনের চালুকৃত একাউন্ট এর ভূমিকা আলোচনা কর ।

ঘ. নৈতিকতার বিচারে সুমনের আচরন বিশ্লেষণ কর ।